গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সরকারি আবাসন পরিদপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.doga.gov.bd

স্মারক নং-২৫.৪৩.০০০০.০০১.৩৯.০০৩.১২(অংশ)-১১৪৭/২ তারিখ ঃ ৯ /অগ্রহায়ণ/১৪২৪ বঙ্গাঃ
২৩ /নভেম্বর/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ উপস্থিতি নিশ্চিতকরণ প্রসংঙ্গে।

সূত্র ঃ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২২ নভেম্বর, ২০১৭ তারিখের ১৩৪৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর ''মেমোরি অব দ্য ওয়ার্ল্ড ইন্টারন্যাশনাল রেজিস্টার''- এ অন্তর্ভূক্তির মাধ্যমে ''বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য'র '' স্বীকৃতি লাভ করায় এ অসামান্য অর্জনকে আনন্দ শোভাযাত্রার মাধ্যমে উদযাপন উপলক্ষ্যে সরকারি আবাসন পরিদপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারীকে উপস্থিত থাকতে হবে বিধায় আগামী ২৫ নভেম্বর, ২০১৭ তারিখ, রোজ শনিবার নিম্নরূপ সময় ও স্থানে আপনার অধীনস্থ সকল ৩য় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীকে উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্রমিক নং	এলাকার নাম	উপস্থিতির স্থান ও সময়
১।	মিরপুর, শেরে বাংলা নগর, আগারগাঁও, এলেনবাড়ী, সোবাহানবাগ ও তৎসংলগ্ন এলাকায় বসবাসরত কর্মকর্তা ও কর্মচারীগণ।	পরিকল্পনা কমিশনের নিকটবর্তী সার্ভিস কমপ্লেক্স-এ বেলা ১.০০ টায় উপস্থিত হবেন।
২।	মতিঝিল, খিলগাঁও, শাহাজাহানপুর, রাজারবাগ, আজিমপুর, ধানমন্ডি, ঝিগাতলা, রায়েরবাজার ও তৎসংলগ্ন এলাকায় বসবাসরত কর্মকর্তা ও কর্মচারীগণ।	প্রধান প্রকৌশলীর কার্যালয়, গণপূর্ত অধিদপ্তর এর অফিস চত্বরে বেলা ১.৩০ টায় উপস্থিত হবেন।

23-11-2017
(লুৎফর রহমান)
সহকারী পরিচালক
ফোন-৯৫৪৯১৭১
ফ্যাক্সঃ ৯৫৪৬৪৬৩

বিতরণঃ

১। উপ-পরিচালক .... সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সহকারী পরিচালক .... সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। জনাব ....পরিদর্শক, উপ-পরিদর্শক, দোকান পরিদর্শক, স্বাস্থ্য পরিদর্শক, সহকারী উপ-পরিদর্শক, কেয়ারটেকার ও সুপারভাইজার, সরকারী আবাসন পরিদপ্তর, ঢাকা (মাঠ পর্যায়ে কর্মরত ৪র্থ শ্রেণীর সকল কর্মচারীকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধ করা হলো)।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে।

১। উপ-সচিব, প্রশাসন-৩ অধিশাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক/অতিরিক্ত পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, সরকারী আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(পরিচালক/অতিরিক্ত পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিসকপি।

E:\Babul Akter\Ministry Later\Accomodation Admin .doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
mohpw.gov.bd

নম্বরঃ ২৫.০০.০০০০.০১৫.৯৯.০০৭.৯৭. ১৬৫১

তারিখঃ ০৬ অগ্রহায়ণ ১৪২৪ / ২২ নভেম্বর ২০১৭

বিষয়ঃ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর " ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যর" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫.১১.২০১৭ তারিখ সারাদেশে আনন্দ শোভাযাত্রা'র মাধ্যমে উদযাপন সংক্রান্ত সভার কার্যপত্র প্রেরণ।

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্যর" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ সারাদেশে আনন্দ শোভাযাত্রা'র মাধ্যমে উদযাপন উপলক্ষ্যে এক প্রস্তুতিমুলক সভা ২২ নভেম্বর ২০১৭ তারিখ মন্ত্রিপরিষদ সচিব এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যপত্র এ সংগে প্রেরণ করা হলো। কার্যপত্রের ১নং ক্রমিকে নিম্নর সিদ্ধান্ত গৃহীত হয়:

"বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/ কিশোরদের অংশগ্রহণে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় সারা দেশের জেলা ও উপজেলায় একযোগে আনন্দ শোভাযাত্রা আয়োজন"

২। এমতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুযায়ী এ মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন দপ্তর/সংস্থার বিভাগীয়, জেলা ও উপজেলা পর্যায়ের অফিসসমূহ বিভাগীয় কমিশিনার, জেলা প্রশাসন/উপজেলা প্রশাসন কর্তৃক আয়োজিতব্য শোভাযাত্রাসহ অন্যান্য কার্যাক্রমে সার্বিক সহযোগিতাপূর্বক অংশ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ সভার কার্যপত্র ফর্দ।

২২/১১/১৭
জুবাইদা নাসরীন
উপসচিব
দুরালাপনী: ৯৫১২২৩১

বিতরণ (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
২। চেয়ারম্যান, জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ, সেগুনবাগিচা,ঢাকা
৩। চেয়ারম্যান, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ/ খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ/ রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ/ কক্সবাজার উন্নয়ন কর্তৃপক্ষ।
৪। পরিচালক, সরকারি আবাসন পরিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা ।
৬। সিনিয়র সহকারী কমিশনার, পরিত্যক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব (সাধারণ অধিশাখা) মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। অফিস কপি ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ ইউনেস্কোর 'ইন্টারন্যাশনাল মেমোরি অব দ্য ওয়ার্ল্ড রেজিস্টার'-এ অন্তর্ভুক্তির মাধ্যমে "বিশ্বপ্রামাণ্য ঐতিহ্য'র" স্বীকৃতি লাভের অসামান্য অর্জনকে আগামী ২৫.১১.২০১৭ তারিখ সারাদেশে আনন্দ শোভাযাত্রা'র মাধ্যমে উদ্‌যাপন সংক্রান্ত সভার কার্যপত্র:

সভাপতি : জনাব মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

সভার তারিখ : ২২-১১-২০১৭

স্থান : মন্ত্রিপরিষদ কক্ষ

ক্রম	গৃহীত সিদ্ধান্ত/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
১.	বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন, সাংস্কৃতিক ও ক্রীড়া ব্যক্তিত্ব, গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/ কিশোরদের অংশগ্রহণে আগামী ২৫ নভেম্বর ২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় সারাদেশে জেলা ও উপজেলায় একযোগে আনন্দ শোভাযাত্রা'র আয়োজন।	জেলা ও উপজেলা পর্যায়ে যথাযোগ্য মর্যাদায় আনন্দ শোভাযাত্রা আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে মর্মে বিভাগীয় কমিশনারগণ জানিয়েছেন।
২.	জেলা ও উপজেলা পর্যায়ে একই দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান ও চলচ্চিত্র (ওরা ১১ জন) প্রদর্শন।	(১) জেলা ও উপজেলা পর্যায়ে একই দিনে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজনের প্রস্তুতি গ্রহণ করা হয়েছে মর্মে বিভাগীয় কমিশনারগণ জানিয়েছেন। (২) চলচ্চিত্র (ওরা ১১ জন) প্রদর্শনের প্রস্তুতির বিষয়ে সচিব, তথ্য মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারেন।
৩.	বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, স্থানীয় প্রশাসন ও গণ্যমান্য ব্যক্তিবর্গ, সর্বস্তরের জনগণ ও শিশু/ কিশোরদের অংশগ্রহণে ২৫ নভেম্বর ২০১৭ তারিখ বেলা ০২.০০ ঘটিকায় বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর প্রাঙ্গণ, ধানমন্ডি ৩২ নম্বর এবং ঢাকা মহানগরীর বিভিন্ন স্থান থেকে আনন্দ শোভাযাত্রা শুরু হয়ে সোহরাওয়ার্দী উদ্যানে সমবেত হওয়া।	(১) বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর ধানমন্ডির ৩২ নম্বর থেকে আনন্দ শোভাযাত্রার প্রস্তুতির বিষয়ে সংশ্লিষ্ট উপকমিটির আহ্বায়ক সভাকে অবহিত করতে পারেন। (২) বীর মুক্তিযোদ্ধাদের অংশগ্রহণের বিষয়ে সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারেন। (৩) সর্বস্তরের জনগণ ও রাজনৈতিক ব্যক্তিবর্গের অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়ে কর্মপন্থা নির্ধারণ করা যেতে পারে। (৪) স্কাউট, রোভার, শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী ও শিক্ষা প্রতিষ্ঠানের বাদকদলের অংশগ্রহণের বিষয়ে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/জেলা প্রশাসক, ঢাকা সভাকে অবহিত করতে পারেন। (৫) সাংস্কৃতিক কর্মী ও সংগঠন, শিল্পকলা একাডেমির সদস্যদের অংশগ্রহণ, নৃত্য শিল্পী ও সংগীত শিল্পী নির্বাচন এবং আনন্দ শোভাযাত্রার ব্যানার তৈরির বিষয়ে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারেন।

ক্রম	গৃহীত সিদ্ধান্ত/কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
		(৬) ক্রীড়া সংগঠন ও খ্যাতিমান ক্রীড়াবিদদের অংশগ্রহণের বিষয়ে সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারেন। (৭) সামাজিক ও স্বেচ্ছাসেবী/বেসরকারি সংগঠনের অংশগ্রহণের বিষয়ে সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়/মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো/জেলা প্রশাসক, ঢাকা সভাকে অবহিত করতে পারেন। (৮) শিশু একাডেমি, শিশু সংগঠন ও মহিলা সংগঠনের সদস্যদের অংশগ্রহণের বিষয়ে সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারেন। (৯) পুলিশ, আনসার ও ভিডিপি এবং বিজিবি বাদকদল ও সুসজ্জিত ঘোড়াসহ সংশ্লিষ্ট পুলিশ সদস্যদের অংশগ্রহণের বিষয়ে সচিব, জননিরাপত্তা বিভাগ সভাকে অবহিত করতে পারেন। (১০) চালকসহ সুসজ্জিত ঘোড়ার গাড়ি র‍্যালিতে অংশগ্রহণের বিষয়ে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন সভাকে অবহিত করতে পারেন। (১১) শিল্পীদের ব্যবহারের জন্য সুসজ্জিত ট্রাক সরবরাহের বিষয়ে ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সভাকে অবহিত করতে পারেন। (১২) বঙ্গবন্ধু'র ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার ও প্রয়োজনীয় মাইক ও সাউন্ড সিস্টেম সরবরাহের বিষয়ে সচিব, তথ্য মন্ত্রণালয় সভাকে অবহিত করতে পারেন। (১৩) আনন্দ শোভাযাত্রা বর্ণাঢ্য, আকর্ষণীয় ও নান্দনিক করার লক্ষ্যে সাজসজ্জা, ফেস্টুন, প্লাকার্ড তৈরির বিষয়ে গৃহীত কার্যক্রম সম্পর্কে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ও আহ্বায়ক, ঢাকা মহানগরীতে আনন্দ শোভাযাত্রা অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটি সভাকে অবহিত করতে পারেন। (১৪) অগ্নিনির্বাপক সরঞ্জামাদি ও এম্বুলেন্সসহ ফায়ার সার্ভিস দলের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে গৃহীত সচিব, সুরক্ষা সেবা বিভাগ সভাকে অবহিত করতে পারেন।
৪.	সোহরাওয়ার্দী উদ্যানে ২৫.১১.২০১৭ তারিখ বিকাল ৩:০০ ঘটিকা হতে বঙ্গবন্ধুর ৭ই মার্চের ঐতিহাসিক ভাষণ প্রচার, সাংস্কৃতিক অনুষ্ঠান, বঙ্গবন্ধুর ভাষণ সংবলিত লেজার লাইট শো প্রর্দশন।	মঞ্চ সজ্জা ও সাংস্কৃতিক অনুষ্ঠান বাস্তবায়ন উপকমিটির আহ্বায়ক গৃহীত কার্যক্রম সভাকে অবহিত করতে পারেন। এছাড়া, অনুষ্ঠানের ধারাক্রমও সভাকে অবহিত করতে পারেন।